দৈনিক ইত্তেফাক
তারিখ 08 JUL 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি প্রক্রিয়ায় সহযোগিতা করার আহ্বান

রাজশাহী অফিস ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আব্দুল খালেক ক্যাম্পাসে সুষ্ঠু ও শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখিতে ও প্রথম বর্ষ সম্মানে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার কাজে সহযোগিতা করার জন্য ছাত্র সংগঠনগুলির প্রতি আহ্বান জানাইয়াছেন। গত (রবিবার) সন্ধ্যায় তাহার বাসভবনের লাউঞ্জে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সহিত বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক পরিস্থিতি

(৫ম পৃঃ দ্রঃ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

সম্পর্কে এক মতবিনিময় বৈঠকে এই আহ্বান জানান।

মতবিনিময়কালে বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা)-এর সাইফুল ইসলাম রাসেল ও সাইফুজ্জামান শিখর, ছাত্রদলের মতিউর রহমান মন্টু, তাইফুল ইসলাম, টিপু ও মাহবুবুল আলম ফরহাদ, ছাত্রলীগ (জাসদ)-এর মাহবুব-উল-হক বাচ্চু ও খন্দকার তৌফিক হোসেন টনি, ছাত্র ইউনিয়নের দুলাল চৌধুরী, ছাত্র মৈত্রীর আবু রায়হান মাসুদ ও আব্দুল মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন।

মতবিনিময় বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ আবাসিক হলসমূহে সিট বন্টনে অনিয়ম ও পক্ষপাতিত্ব দূর করার ও মেধার ভিত্তিতে বরাদ্দের দাবী জানাইলে উপাচার্য সেই প্রসঙ্গে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

বৈঠকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, প্রেস প্রকাশনা ও জন-সংযোগ দপ্তরের প্রশাসক এবং সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

**পরীক্ষার তারিখ পরিবর্তন**

বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিষয়ে ১৯৯৬ সালের স্নাতক সম্মান পার্ট-১ পরীক্ষা শুরুর তারিখ অনিবার্য কারণবশতঃ ৮ জুলাইয়ের পরিবর্তে ১৭ই জুলাই অনুষ্ঠিত হইবে।